গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদের সভাকক্ষে এ আেলোাচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা ও ইউপি চেয়ারম্যান বৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

‘চাই সত্য উচ্চারনের অধিকার’ এ স্লোগানে শহীদ বুদ্ধিজীবী দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকালে জেলা পরিষদের সামনে স্মৃতিসৌধে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ- সভাপতি আব্দুর রহমান, সহ- সভাপতি ইলিয়াস হোসেন, সহ- সভাপতি হাবিবুর রহমান হবু, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা, বিএনপির নেতা শাহাবুদ্দিন মোল্লা, সহ যুবদল, স্বেচ্ছাসেবকদল, ছাত্রদল, কৃষক দল ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় থেকে র্যালি বের হয়।

র্যালিটি মেহেরপুরের প্রধান শহর প্রদক্ষিণ করে জেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

মুজিবনগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় সহিত পালন করা হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। মুজিবনগরে ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পন করে মহান মুক্তিযুদ্ধ এবং পরবর্তীতে সকল শহীদদের প্রতিশ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান, উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধাবৃন্দ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম।
পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গনে মহান মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।
পরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব এর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন,বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান।

মহান মুক্তিযুদ্ধে নিশ্চিত পরাজয় জানতে পেরে পাকিস্তানি দালাল রাজাকার, আলবদর, আলশামস, এর সহযোগিতায় পাকবাহিনী বাংলাদেশকে

মেধাশূন্য করার জন্য কিভাবে নিশংসভাবে দেশের বুদ্ধিজীবীদের হত্যা করে। সে বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা করেন আলোচকরা। সময় উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, সাংবাদিক, শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জন আটক

অনলাইন জুয়ার সাথে জড়িত থাকায় গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে আটক করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটা থেকে দীর্ঘ সময় গাংনী শহরে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায় মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একাধিক টিম। অভিযানে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, ডিবির ওসি সাইফুল আলমসহ ডিবি পুলিশ ও পুলিশের একাধিক টিম অংশ নেয়।
অভিযান শেষে রাত ১১টার দিকে তাদেরকে মেহেরপুর ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। আটকরা হচ্ছেন- সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান শিপু, গাংনী সরকারি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, গাংনী বাজার কমিটির সদস্য বিপুল হোসেন, মালসাহ গ্রামের চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। পুলিশ সুত্রে জানা গেছে, গাংনী উত্তরপাড়া শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অনলাইনে জুয়া খেলা হয়। শিপুর মাধ্যমে অনেক মানুষ জুয়ার খেলার সাথে সম্পৃক্ত। এর মাধ্যমে টাকা পাচার হচ্ছে বিদেশে। এমন অভিযোগে ডিবি ও গাংনী থানা পুলিশের দুটি দল রাতে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায়। এসময় শিপুসহ কয়েকজন সেখানে প্রতিদিনের ন্যায় বসে ছিল। তাদের ব্যবহৃত ১৪টি মোবাইল ডিভাইস জব্দ করে প্রাথমিক পরীক্ষা করে। দীর্ঘ সময় ধরে মোবাইল পরীক্ষা-নিরিক্ষা করে রাত ১১টার দিকে তাদের ছয়জনকে পুলিশ হেফাজতে নিয়ে যায়।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন জানান, সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ছয় জনকে অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়ায় তাদের আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ডিজিটাল ডিভাইস হিসেবে ১৪টি মোবাইল ও সিম জব্দ করা হয়েছে। জিজ্ঞাসাবাদ ও ডিভাইসগুলো প্রয়োজনীয় পরীক্ষা শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ সমাবেশ

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ গ্রেফতারকৃত নেতাদের নি:শর্ত মুক্তির দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার (১৩ইং ডিসেম্বর) বিকেলে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্টিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের সভাপতিত্বে বক্তব্য রাখেন সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ বাবলু মাস্টার, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহম্মেদ বিজন,সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক আসাদুজ্জামান বাবলু,মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস,জেলা বিএনপির সংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো,জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম,জেলা স্বেচ্ছাসেবক দলের সংগঠনিক সম্পাদক আহম্মেদ রাজিব খান, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা নয়ন ও জেলা ছাত্রদলের সিনিয়র সভাপতি আবির জাভেদ সেনজিন সহ বিভিন্ন অঙ্গসংগঠনের শত শত নেতা কর্মী উপস্থিত ছিলেন।

সমাবেশ সঞ্চালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে নৌকা বাইচ প্রতিযোগিতা

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে গ্রাম বাংলার ঐতিহ্যবাহী খেলা নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

মঙ্গলবার বিকেলে গোভিপুর ব্রিজ সংলগ্ন ভৈরব নদে এই নৌকা বাইচের আয়োজন করা হয়।

নৌকা বাইচ প্রতিযোগিতায় ৫টি টিম অংশগ্রহণ করে। মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন, বারাদি ইউনিয়ন, আমদাহ ইউনিয়ন, বুড়িপোতা ইউনিয়ন এবং কুতুবপুর ইউনিয়ন পরিষদ। নৌকা বাইচ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে পিরোজপুর ইউনিয়ন, ২য় স্থান অধিকার করেছে বারাদি ইউনিয়ন, ৩য় স্থান অধিকার করেছে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ ওবায়দুল্লাহর সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মুকবুল হোসেন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুস সালাম, অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, সদর থানার ওসি রফিকুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, বারাদি ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন শ্রেণি পেশার হাজারো মানুষ নদের দুই তীরে অংশগ্রহণ করে।

মুজিবনগরে দুটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

মুজিবনগর উপজেলার শিবপুর এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে দুটি ব্যবসা প্রতিষ্ঠানের নিকট থেকে ১২ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১৩ই ডিসেম্বর) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুরের সহকারী পরিচালক সজল এ অভিযান পরিচালনা করেন। অভিযানে জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন। মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম এ অভিযানে সহায়তা করে।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, অভিযানে মুদিখানা, ফার্মেসি, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। শিবপুর গলাকাটা মোড়ে মেসার্স আয়ান স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও নির্ধারিত মুল্য থেকে অধিক মুল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স আজমির ট্রেডার্স নামক প্রতিষ্ঠানকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

গাংনীতে অ্যালকোহলসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে ১ কেজি ৭’শ গ্রাম অ্যালকোহলসহ খলিলুর রহমান নামের এক মাদক কারবারিকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার গাংনী জেলা পরিষদ মার্কেটের তার নিজ দোকান থেকে অ্যালকোহল(রেকটিফাইব স্পিরিট)সহ তাকে আটক করে। আটককৃত খলিলুর রহমান গাংনী পৌর এলাকার ৭ নং ওয়ার্ড ভিটাপাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেম জানান, নিজ দোকানে মাদক রেখে কেনাবেচা করছে,এমন গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক মদন মোহন সাহা’র নেতৃত্বে এসআই খসরু আল মামুন,এএসআই জিএম শহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে ১’শ গ্রাম ওজনের ১৭ টি অ্যালকোহলের(রেকটিফাইব স্পিরিট) বোতল উদ্ধার করে। অবৈধ অ্যালকোহল(রেকটিফাইব স্পিরিট) দায়ে খলিলুর রহমানকে আটক করা হয়।

আটককৃত খলিলুর রহমানের বিরুদ্ধে ২০১৮ সালের ১০ উপধারায়(১) লংঘন করে একই আইনের ৩৬(১) সারণীর ২৪(ক) ধারায় মামলা পূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। ততিনি আআরো জানান,আগামীকাল মঙ্গলবার(১৩ ডিসেম্বর) জেলা আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনার

মেহেরপুর সরকারি মহিলা কলেজে মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনারের আয়োজন করা হয়। সোমবার সকালে কলেজ মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে আইন সহায়তা কেন্দ্র আসক মেহেরপুর জেলা শাখা।

সংগঠনের জেলা শাখার সহ-সভাপতি মহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও কবি মোঃ রফিকুল আলম, সহযোগী অধ্যাপক মোঃ আশরাফুল আলম।

মূল আলোচক ও প্রজেক্ট উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন আইন সহায়তা কেন্দ্র আসক ফাউন্ডেশনের কো অর্ডিনেটর এম এ মুহিত। মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনারে মেহেরপুর সরকারি মহিলা কলেজের ৭৫ ছাত্রী অংশগ্রহণ করে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর আসকের যুগ্ম সাধারণ সম্পাদক দিলারা জাহান।

গাংনীতে ঠিকাদার মিঠুর বিরুদ্ধে অ্যাসোসিয়েশন সংবাদ সম্মেলন

গাংনী উপজেলা এলজিইডির প্রকৌশলী ফয়সাল আহমেদকে গালিগালাজ ও সহকারি প্রকৌশলীকে লঞ্চিতের প্রতিবাদে ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে গাংনী উপজেলা ঠিকাদার অ্যাসোসিয়েশন।

সোমবার দুপুরে ঠিকাদার মজিরুল ইসলামের অস্থায়ী কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন সংগঠনটি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঠিকাদার আনিসুর রহমান।

লিখিত বক্তব্যে ঠিকাদার আনিসুর রহমান বলেন,গত ১১/১২/২০২২ ইং তারিখে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামের ভ’মি অফিস নির্মাণ কাজের বিভিন্ন ত্রুটি সংশোধন করতে বলায় মেসার্স মিঠু এন্টার প্রাইজের স্বত্বাধীকারি দেলোয়ার হোসেন মিঠু উপজেলা এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহমেদ ও উপসহকারী প্রকৌশলী শহিদুল

ইসলামকে লাঞ্চিত করে দেলোয়ার হোসেন মিঠু। পরবর্তীতে দেলোয়ার হোসেন মিঠু প্রকৌশলীসহ অফিসের বিভিন্ন কর্মচারিদের বিরুদ্ধে নানা মিথ্যা ও বানোয়াট কথা বলে সংসাদ সম্মেলন করে মিথ্যা তথ্য প্রকাশ করে। এতে গাংনীর সমস্ত ঠিকাদারেদর সুনাম নষ্ট করেছেন। আমরা তার তিব্র প্রতিবাদ জানায়। এছাড়াও এলজিইডি প্রকৌশলীকে আমরা কোন টাকা পার্সেন্ট প্রদান করিনা। তিনি সুনামের সাথে গাংনীতে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি আরও জানান, ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু আমাদের অ্যাসোসিয়েশনের কাওকে না জানিয়ে সংগঠনের নিয়ম বহির্ভুত কাজ করেছে। তার কর্মকান্ডে আমরা সকল ঠিকাদারগন বিব্রত। দেলোয়ার হোসেন মিঠুর এই কর্মকান্ডের জন্য তার উপযুক্ত শাস্তি দাবী করেন সংগঠনের নেতৃবৃন্দরা। ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠুর কাজের অনিয়ম ও ত্রুটির বিভিন্ন চিত্র প্রদর্শন করেন ঠিকাদার অ্যাসোসিয়েশন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঠিকাদার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মকলেচুর রহমান, ঠিকাদার রবিউল ইসলাম,ঠিকাদার মজিরুল ইসলাম, ঠিকাদার সোলায়মানসহ অনেকে।